

EXCLUDED WORKERS FUND (বঞ্চিত কর্মীদের তহবিল)-এর জন্য 1099-G ট্যাক্স সম্পর্কিত তথ্য

আয়কর দাখিলের জন্য আপনার প্রয়োজনীয় তথ্য

Excluded Workers Fund (EWF) সুবিধা করযোগ্য আয় হিসাবে বিবেচিত হয়। যদিও ইতিমধ্যে স্টেটের করের সাথে পেমেন্ট পাঠানো হয়েছিল, তবে সেগুলি এখনও ফেডারেল আয়করের অধীন থাকতে পারে।

নিউ ইয়র্ক-বাসী যারা 2021 সালের ক্যালেন্ডার বছরে EWF পেমেন্ট পেয়েছেন তাদের জন্য 2022 সালের জানুয়ারির শেষের দিক থেকে দ্য স্টেটমেন্ট ফর রেসিপিয়েন্ট অফ সার্টেন গভর্নমেন্ট পেমেন্টস (Statement for Recipients of Certain Government Payments) (1099-G) ট্যাক্স ফর্ম পাওয়া যাবে বলে আশা করা হচ্ছে। এই ট্যাক্স ফর্মটি 2021 সালে NYS DOL থেকে আপনাকে যে পরিমাণ EWF তহবিল প্রদান করা হয়েছিল, সেইসাথে আপনার সুবিধার জন্য যে কোনো সামঞ্জস্য করা বা ট্যাক্স উইথহোল্ডিং জাতীয় সুবিধাও প্রদান করে। 2021 ক্যালেন্ডার বছরে আপনার ট্যাক্স ফাইলিংয়ের সাথে আপনাকে অবশ্যই এই ফর্মটি অন্তর্ভুক্ত করতে হবে।

দ্রষ্টব্য: বেকারত্ব বীমা এবং অতিমারিকালীন বেকারত্ব সুবিধার জন্য প্রয়োজ্য 1099-G ট্যাক্স ফর্মগুলি আলাদা। আরও তথ্যের জন্য dol.ny.gov/unemployment/1099-g-tax-form দেখুন।

আপনার 1099-G ট্যাক্স ফর্মটি কীভাবে পাবেন

আপনার 1099-G ট্যাক্স ফর্মটি আপনাকে আপনার EWF আবেদনে দেওয়া চিঠি পাঠানোর ঠিকানা পাঠানো হবে।

1099-G ফর্মে দেওয়া তথ্যের বিস্তারিত বিবরণ

1099-G ট্যাক্স ফর্মের তথ্য নিম্নে প্রদান করা হয়েছে:

- বক্স 6: করযোগ্য অনুদান - এই বক্সে যে ক্যালেন্ডার বছরে আপনাকে EWF সুবিধাগুলি দেওয়া হয়েছে তা প্রদত্ত ডলারের পরিমাণ হিসাবে অন্তর্ভুক্ত আছে।
- বক্স 11: স্টেটের আয়কর আটকানো - এই বক্সে ক্যালেন্ডার বছরের জন্য আপনার সুবিধাগুলি থেকে আটকানো স্টেটের আয়করের মোট পরিমাণ অন্তর্ভুক্ত রয়েছে।

আপনার 1099-G ফর্মের তথ্য পান নি বা একমত নন?

আপনি যদি আপনার 1099-G ট্যাক্স ফর্মটি না পেয়ে থাকেন বা আপনার 1099-G ট্যাক্স ফর্মে দেওয়া যেকোনো তথ্যের সাথে একমত না হন, তাহলে অনুগ্রহ করে dol.ny.gov/unemployment/1099-g-tax-form-এ EWF-এর গ্রাহকের প্রতিক্রিয়া ফর্মটি পূরণ করুন "আমার 1099-G ট্যাক্স ফর্মে একটি সমস্যা আছে" বিকল্পটি নির্বাচন করুন এবং আপনার EWF-এর দাবি জানানোর আইডি নম্বর সহ আরও বিশদে বিবরণ দিন। NYSDOL আপনার সমস্যা পর্যালোচনা করবে এবং আপনাকে একটি সংশোধিত 1099-G ট্যাক্স ফর্ম বা কারণ ব্যাখ্যা করে একটি চিঠি পাঠাবে।

প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

প্র: 1099-G কি একটি বিল?

না, এটা কোনো বিল নয়। এটি একটি ট্যাক্স ফর্ম যা 2021 সালের একটি ক্যালেন্ডার বছরে NYSDOL থেকে EWF সুবিধার জন্য আপনাকে কত টাকা দেওয়া হয়েছিল তা দেখায়।

প্র: 1099-G ট্যাক্স ফর্মটি দিয়ে আমি কী করব?

আপনাকে আপনার ট্যাক্স রিটার্নের সাথে অবশ্যই এই ফর্মটিকে অন্তর্ভুক্ত করতে হবে এবং প্রয়োজ্য ক্যালেন্ডার বছরের জন্য আপনার উপার্জনে আপনাকে দেওয়া EWF সুবিধাগুলিও অন্তর্ভুক্ত করতে হবে। আপনি যদি ট্যাক্স প্রস্তুতকারী ব্যক্তি বা ই-ফাইল ব্যবহার করেন, তাহলে ক্যালেন্ডার বছরের জন্য আপনার অন্যান্য ট্যাক্স তথ্যের সাথে 1099-G ফর্মটি অন্তর্ভুক্ত করতে ভুলবেন না। আপনার 1099-G ফর্ম সম্পর্কে কোনো প্রশ্ন থাকলে আপনার ট্যাক্স প্রস্তুতকারী বা NYS ডিপার্টমেন্ট অফ ট্যাক্স অ্যান্ড ফিন্যান্স (NYS Department of Tax and Finance)-এর সাথে পরামর্শ করুন। আপনি বিনামূল্যে ই-ফাইল করার আবেদনও করতে পারেন। নিউ ইয়র্ক স্টেট-এর আয়কর ফাইল আবেদন করার বিষয়ে আরও তথ্যের জন্য, tax.ny.gov-এ যান।

প্র: আমার 1099-G ট্যাক্স ফর্মে দেওয়া ঠিকানাটি ভুল আছে।

এটা কি আমার ফেরত পাওয়ায় ক্ষেত্রে প্রভাবিত করবে?

না, যতক্ষণ ফর্মে প্রিন্ট করা সোশ্যাল সিকিউরিটি নম্বর বা ITIN সঠিক থাকবে ততক্ষণ প্রভাবিত করবে না।

প্র: আমার কাছে সোশ্যাল সিকিউরিটি নম্বর বা ITIN না থাকলে কী হবে?

আপনি সোশ্যাল সিকিউরিটি নম্বর বা ITIN ছাড়া ফেডারেল ট্যাক্স রিটার্ন ফাইল করতে পারবেন না। অন্যান্য তথ্যের জন্য অনুগ্রহ করে irs.gov/individuals/new-york-state-residents-excluded-workers-fund-payments অথবা irs.gov/individuals/how-do-i-apply-for-an-itin - এখানে যান।

প্র: আমি কি আমার ট্যাক্স উইথহোল্ডিং ফেরত পেতে পারি?

শ্রম বিভাগ (Department of Labor) আপনাকে কর বাবদ ধরে রাখা কোনো অর্থ ফেরত দিতে পারে না। শুধুমাত্র ফেডারেল বা স্টেট গভর্নমেন্টই আপনার আয়কর ফেরতের অংশ হিসাবে সেগুলি আপনাকে ফেরত দিতে পারে।

প্র: EWF সুবিধা কী আয়কর থেকে অব্যাহতিপ্রাপ্ত?

আপনি যে পরিমাণ EWF সুবিধা পেয়েছেন তা নিউ ইয়র্ক স্টেটের ট্যাক্স আইনের অধীনে নিউ ইয়র্ক স্টেটে করযোগ্য। যখন আপনার পেমেন্টটি দেওয়া হয়েছিল তখন নিউ ইয়র্ক স্টেট ট্যাক্স আটকে রাখা হয়েছিল এবং নিউ ইয়র্ক স্টেটে এটার জন্য কোনো ছাড় নেই। ফেডারেল ট্যাক্স সংক্রান্ত প্রশ্নের জন্য, অনুগ্রহ করে irs.gov-এ অভ্যন্তরীণ রাজস্ব পরিষেবা (Internal Revenue Service-IRS) -এর সাথে যোগাযোগ করুন।